

এইচএসসির প্রশ্ন ফাঁস

[তৃতীয় পৃষ্ঠার পর]

ঘটছে। এ কারণে প্রশ্নপত্র ফাঁস ঠেকাতে বিজি প্রেসের পাশাপাশি বিভিন্ন শিক্ষা বোর্ডের পরীক্ষার সঙ্গে সংশ্লিষ্টদের ওপরও নজরদারি বাড়ানো উচিত। এ বিষয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ জানান: এইচএসসি ও সমমানের পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস রোধে প্রশ্নপত্র ছাপানোর সঙ্গে সবাইকে কড়া নজরদারিতে রাখা হয়েছে। ইতিমধ্যে প্রশ্নপত্র ছাপানোর সঙ্গে যুক্ত বিজি প্রেসের গোপনীয় শাখায় কর্মরতদের পাশাপাশি তাদের আত্মীয়স্বজনকেও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কড়া নজরদারিতে রাখা হয়েছে। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কাছে তাদের নামের তালিকা দেওয়া হয়েছে। প্রশ্নপত্র ফাঁস রোধে বিজি প্রেসের পাশাপাশি বিভিন্ন গোয়েন্দা সংস্থা, শিক্ষা বোর্ডসহ সংশ্লিষ্ট সবাইকে কঠোরভাবে সতর্ক থাকার নির্দেশ দেওয়া হয়েছে বলেও জানান শিক্ষামন্ত্রী। তিনি বলেন, গত ফেব্রুয়ারি থেকে এইচএসসি ও সমমানের পরীক্ষার প্রশ্নপত্র ছাপানো শুরু হয়েছে। মোট ৫২ দিন লাগে এ প্রশ্ন ছাপাতে। প্রশ্নপত্র ছাপানোর কাজ এখন শেষের পথে।

এদিকে, গত ৩ মার্চ রাজধানীর বিজি প্রেসে এইচএসসি ও সমমানের পরীক্ষা-২০১৫ সৃষ্ট পরিবেশে সম্পাদনের জন্য প্রশ্নপত্র মুদ্রণ, পরিবহন, বিতরণ, গোপনীয়তা ও নিরাপত্তার বিষয়ে গঠিত জাতীয় মনিটরিং কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের মহাপরিচালক একেএম মানজুরুল হক বলেন, প্রশ্নপত্র ফাঁসের বিষয়ে বিজি প্রেস সতর্ক অবস্থানে রয়েছে। কারণ প্রশ্নপত্র ফাঁস হলেই সন্দেহের তীর বিজি প্রেসের কর্মকর্তা-কর্মচারীদের দিকেই আগে আসে। বিজি প্রেসের কর্মচারীরা প্রশ্ন ফাঁসের সঙ্গে জড়িত থাকেন না বলে দাবি করেন তিনি।

এইচএসসির প্রশ্ন

ফাঁস ঠেকাতে

কঠোর নিরাপত্তা

গোয়েন্দা নজরদারিতে

২ শতাধিক ব্যক্তি

■ নাহিদ তন্ময়
আগামী ১ এপ্রিল শুরু হচ্ছে এইচএসসি ও সমমানের পরীক্ষা। পরীক্ষার প্রশ্নপত্র তৈরিতেও ব্যস্ত বিজি প্রেস। পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস ঠেকাতে গ্রহণ করা হয়েছে কঠোর নিরাপত্তা ব্যবস্থা। বিজি প্রেস ও বিভিন্ন শিক্ষা বোর্ডের দুই শতাধিক ব্যক্তির ওপর চলছে সার্বক্ষণিক গোয়েন্দা নজরদারি। তাদের পরিবারের সদস্যরাও এ নজরদারির বাইরে নয় বলে জানিয়েছেন গোয়েন্দা কর্মকর্তারা।

বিজি প্রেস কর্তৃপক্ষ বলছে, প্রশ্নপত্র ফাঁস ঠেকাতে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করা হচ্ছে। স্থাপন করা হয়েছে শতাধিক সিসিটিভি। ছাপানোর কাজে নিয়োজিত কর্মচারীদের সার্বক্ষণিক নজরদারির মধ্যে রাখা হচ্ছে। প্রেসে প্রবেশ এবং বের হওয়ার সময় তাদের পুরো শরীর তল্লাশি করে প্রবেশ করানো হয়। প্রেসের ভেতরে অবস্থানের সময় তাদের শরীরে রাবারের তৈরি একটি প্লি কোয়ার্টার প্যান্ট ছাড়া আর কিছুই থাকে না।

তবে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর এবং বিজি প্রেস কর্তৃপক্ষের অভিযোগ, বিজি প্রেস থেকে প্রশ্নপত্র হস্তান্তরের পরই ফাঁসের ঘটনা

পৃষ্ঠা ১৩ কলাম ৪